গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর
বাংলাদেশ সচিবালয়
ঢাকা।

## সংবাদ গতিধারা

ঢাকা, রোববার ২৯ মার্চ ২০১৫, ১৫ চৈত্র ১৪২১

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয়গুলোকে প্রাধান্য দিয়ে খবর ছেপেছে :

১। সন্ত্রাস বন্ধে কার্যকর পদক্ষেপ নিন : র‌্যাবের প্রতিষ্ঠাবার্ষিকীতে প্রধানমন্ত্রী

২। যত বাধাই আসুক, নির্ধারিত দিনে এইচএসসি পরীক্ষা : শিক্ষামন্ত্রী

৩। ঢাকা ও চট্টগ্রাম তিন সিটি কর্পোরেশনের মনোনয়নপত্র দাখিলের শেষ দিন আজ

৪। এইচএসসি-সমমানের পরীক্ষা গ্রহণের জন্য নিরাপত্তা চেয়ে শিক্ষা মন্ত্রণালয় চিঠি দিল স্বরাষ্ট্র মন্ত্রণালয়ে

৫। লাঙ্গলবন্দে পুণ্যস্নানে মৃত্যুর ঘটনায় মামলা তদন্ত কমিটি পুনর্গঠন

৬। প্রত্যেক শাখা থেকে বছরে একজন নারীকে ঋণ দিন : ব্যাংকগুলোর প্রতি গভর্নরের আহ্বান

৭। মালদ্বীপে বাংলাদেশিদের জন্য হেল্পলাইন চালু, ২৪ ঘণ্টা খোলা

৮। শ্রমিক অধিকার রক্ষার আহ্বান এইচআরডব্লিউর

৯। বিমানের ইঞ্জিনে আগুন জরুরি অবতরণ : প্রাণে রক্ষা পেলেন ২১৩ আরোহী

১০। রাঙ্গামাটি মেডিকেল কলেজের ক্লাসসহ একাডেমিক কার্যক্রম আনুষ্ঠানিকভাবে শুরু

চলমান পাতা/২

১। সন্ত্রাস বন্ধে কার্যকর পদক্ষেপ নিন : র‍্যাবের প্রতিষ্ঠাবার্ষিকীতে প্রধানমন্ত্রী

প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, বাংলাদেশে সন্ত্রাস এবং নৃশংস কর্মকাণ্ড কাউকে করতে দেওয়া হবে না। তিনি জনগণের জানমালের নিরাপত্তা নিশ্চিতে এ ধরনের সন্ত্রাসী কর্মকাণ্ড বন্ধে কার্যকর পদক্ষেপ নিতে র‍্যাবসহ সংশ্লিষ্ট সকলকে নির্দেশ দেন। তিনি বলেন, যেকোনো মূল্যে স্বাধীনতার চেতনা সমুন্নত রাখতে হবে। চেইন অব কমান্ড বজায় রেখে এবং বাহিনীর আইন, নিয়ম ও নীতি মেনে দায়িত্ব পালন করতে র‍্যাব সদস্যদের প্রতি আহ্বান জানান প্রধানমন্ত্রী। গতকাল ২৮ মার্চ শনিবার রাজধানীর কুর্মিটোলায় র‍্যাবের সদর দফতরে র‍্যাপিড অ্যাকশন ব্যাটালিয়নের (র‍্যাব) ১১তম প্রতিষ্ঠা বার্ষিকীর অনুষ্ঠান উপলক্ষে ভাষণ প্রদানকালে তিনি এ আহ্বান জানান। সূত্র-ইত্তেফাক (পৃ.১,ক.৪), সংবাদ (শেষ পৃ.,ক.৪), জনকণ্ঠ (পৃ.১,ক.২), ডেইলি স্টার (শেষ পৃ.,ক.১), নিউজ টুডে (পৃ.১,ক.৪)।

২। যত বাধাই আসুক, নির্ধারিত দিনে এইচএসসি পরীক্ষা : শিক্ষামন্ত্রী

যত বাধাই আসুক, এইচএসসি পরীক্ষার রুটিনে কোনো পরিবর্তন হবে না বলে জানিয়েছেন শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ। গতকাল ২৮ মার্চ শনিবার রাজধানীর ঢাকা রেসিডেন্সিয়াল মডেল কলেজ মিলনায়তনে জেলা শিক্ষা কর্মকর্তা এবং টেকনিক্যাল স্কুল অ্যান্ড কলেজের অধ্যক্ষদের মধ্যে গাড়ি বিতরণ অনুষ্ঠানে তিনি এ কথা জানান। সূত্র-সমকাল (পৃ.১৯,ক.৬), যায়যায়দিন (পৃ.১,ক.৫), জনকণ্ঠ (পৃ.১,ক.৬), ডেইলি সান (পৃ.২,ক.৬), বাংলাদেশ টুডে (পৃ.১,ক.৫)।

৩। ঢাকা ও চট্টগ্রাম তিন সিটি কর্পোরেশনের মনোনয়নপত্র দাখিলের শেষ দিন আজ

ঢাকা ও চট্টগ্রামের তিন সিটি কর্পোরেশন নির্বাচনের মনোনয়নপত্র দাখিলের শেষ দিন আজ ২৯ মার্চ রোববার। বিকেল ৫টার মধ্যে প্রার্থীদের মনোনয়নপত্র দাখিল করতে হবে। আগামী বুধ ও বৃহস্পতিবার হবে বাছাইয়ের কাজ। এরপর আগামী ৯ এপ্রিল মনোনয়নপত্র প্রত্যাহার শেষে আনুষ্ঠানিক নির্বাচনী প্রচার শুরু হবে। নির্বাচন কমিশন জানিয়েছে, মনোনয়নপত্র জমাদানের সময়সীমা বাড়ানো হচ্ছে না। কমিশন ঘোষিত তফসিলের অন্যান্য সময়সীমাও অপরিবর্তিত থাকছে। সূত্র-জনকণ্ঠ (পৃ.১,ক.২), প্রথম আলো (পৃ.১,ক.২), যুগান্তর (শেষ পৃ,ক.৫), ডেইলি স্টার (পৃ.১,ক.৪), নিউ নেশন (পৃ.১,ক.২)।

৪। এইচএসসি-সমমানের পরীক্ষা গ্রহণের জন্য নিরাপত্তা চেয়ে শিক্ষা মন্ত্রণালয় চিঠি দিল স্বরাষ্ট্র মন্ত্রণালয়ে

১ এপ্রিল থেকে এইচএসসি, আলিম ও সমমানের পরীক্ষা গ্রহণের জন্য নিরাপত্তা চেয়ে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ে চিঠি দিয়েছে শিক্ষা মন্ত্রণালয়। পূর্বনির্ধারিত সময়সূচি অনুযায়ী পরীক্ষা শুরুর জন্যই এই উদ্যোগ নেওয়া হয়েছে বলে মন্ত্রণালয়ের পক্ষ থেকে জানানো হয়েছে। এরই অংশ হিসেবে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সিনিয়র সচিব ও পুলিশের মহাপরিদর্শকের (আইজিপি) কাছে গত ২৪ মার্চ চিঠি পাঠিয়েছে শিক্ষা মন্ত্রণালয়। সূত্র-ইনকিলাব (পৃ.১,ক.১)।

৫। লাঙ্গলবন্দে পুণ্যস্নানে মৃত্যুর ঘটনায় মামলা তদন্ত কমিটি পুনর্গঠন

সনাতন ধর্মাবলম্বীদের অন্যতম বৃহৎ উৎসব লাঙ্গলবন্দ পুণ্যস্নান শেষ হয়েছে। গত ২৭ মার্চ শুক্রবার সকালে প্রচণ্ড ভিড়ে পদদলিত হয়ে ১০ জনের মৃত্যু এবং আরও ২৫ জন আহত হওয়ার ঘটনায় তাৎক্ষণিক লোকজনের উপস্থিতি কিছুটা কম হলেও অন্য বারের তুলনায় এবার লোকসমাগম একটু বেশি হয়েছে বলে জানিয়েছেন আয়োজকরা। এরই মধ্যে নারায়ণগঞ্জ জেলা প্রশাসনের উদ্যোগে ঘটনা তদন্তে একটি তদন্ত কমিটি গঠন করা হয়েছে। ২৭ মার্চ শুক্রবার তিন সদস্যের কমিটি গঠন করা হলেও গতকাল ২৮ মার্চ শনিবার ওই কমিটিতে আরও চার সদস্য যুক্ত করে তা সাত সদস্যে উন্নীত করা হয়েছে। সূত্র-সমকাল (পৃ.৩,ক.৬), প্রথম আলো (শেষ পৃ.,ক.২), সংবাদ (পৃ.১,ক.৩)।

৬। প্রত্যেক শাখা থেকে বছরে একজন নারীকে ঋণ দিন : ব্যাংকগুলোর প্রতি গভর্নরের আহ্বান

বাংলাদেশ ব্যাংকের গভর্নর আতিউর রহমান ব্যাংকগুলোতে তাদের প্রতিটি শাখায় বছরে অন্তত একজন করে নারী উদ্যোক্তাকে ন্যূনতম ৫০ হাজার টাকা ঋণ দেওয়ার আহ্বান জানিয়েছেন। এর ফলে ৯ হাজার ৪০টি শাখা এবং ১৮৮টি আর্থিক প্রতিষ্ঠানের মাধ্যমে শিগগিরই ৯ হাজার ২২৮ জন নতুন নারী উদ্যোক্তা আর্থিক সেবার আওতায় আসবেন। কক্সবাজারের একটি তারকা হোটেলে 'প্রধান মানি লন্ডারিং প্রতিরোধ পরিপালন কর্মকর্তা সম্মেলন ২০১৫'-এর উদ্বোধন অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে গভর্নর এসব কথা বলেন। সূত্র-প্রথম আলো (পৃ.১৩,ক.২), জনকণ্ঠ (পৃ.১৮,ক.৭), ফিনানসিয়াল এক্সপ্রেস (শেষ পৃ.,ক.১), ডেইলি স্টার বিজনেস (পৃ.১,ক.৩)।

৭। মালদ্বীপে বাংলাদেশিদের জন্য হেল্পলাইন চালু, ২৪ ঘণ্টা খোলা

মালদ্বীপ পরিস্থিতি এখনও স্বাভাবিক হয়নি। সেখানে বাংলাদেশি কর্মীরা পুলিশী আতঙ্কেই দিন কাটাচ্ছেন। যদিও দেশটির প্রেসিডেন্ট আবদুল্লাহ ইয়ামিন বাংলাদেশিদের নিরাপত্তা বাড়ানোর নির্দেশ দিয়েছেন। কিন্তু প্রেসিডেন্টের এ নির্দেশ পুলিশ উল্টোভাবে ব্যবহার করছে বলে অভিযোগ পাওয়া গেছে।এদিকে মালদ্বীপে অবস্থিত বাংলাদেশের হাইকমিশনার কর্মীদের জন্য একটি 'হেল্প লাইন' চালু করেছেন। সূত্র-জনকণ্ঠ (শেষ পৃ.,ক.৭)।

৮। শ্রমিক অধিকার রক্ষার আহ্বান এইচআরডব্লিউর

শ্রমিকদের অধিকার রক্ষায় তাদের পণ্য প্রস্তুতকারী প্রতিষ্ঠানের নাম প্রকাশ করতে জার্মানির তৈরি পোশাক

ও জুতার ব্র্যান্ডগুলোর প্রতি আহ্বান জানিয়েছে হিউম্যান রাইটস ওয়াচ। বাংলাদেশ ও কম্বোডিয়ার মতো যেসব দেশ থেকে তারা পণ্য কেনে সেসব দেশের ওই সব কারখানার তালিকা প্রকাশ করার আহ্বান জানিয়েছে মানবাধিকার সংস্থাটি। সূত্র-যুগান্তর (পৃ.১৯,ক.৩), জনকণ্ঠ (পৃ.১,ক.৭), সংবাদ (শেষ পৃ.,ক.৪), নিউ নেশন বিজনেস (পৃ.১,ক.৪)।

৯। বিমানের ইঞ্জিনে আগুন জরুরি অবতরণ : প্রাণে রক্ষা পেলেন ২১৩ আরোহী

অল্পের জন্য রক্ষা পেলো বিমান বাংলাদেশ এয়ারলাইন্সের ২১৩ জন যাত্রী ও ক্রুসহ একটি উড়োজাহাজ। এয়ারবাস এ ৩১০ উড়োজাহাজটি গতকাল ২৮ মার্চ শনিবার সিঙ্গাপুর থেকে ২০৪ জন যাত্রী ও ৯ জন ক্রুসহ ঢাকায় ফিরছিল। বিকাল সাড়ে ৪টার দিকে সিঙ্গাপুর চাঙ্গেই আন্তর্জাতিক বিমানবন্দর থেকে ঢাকার উদ্দেশ্যে উড্ডয়নের তিন ঘণ্টা পর আকাশে উড়োজাহাজটির একটি ইঞ্জিনে হঠাৎ আগুন লাগে। বিষয়টি সাথে সাথে বুঝতে পারেন পাইলট। নিজস্ব অগ্নি নির্বাপক ব্যবস্থা কাজে লাগিয়ে আকাশে আগুন নিয়ন্ত্রণে আনা হয়। এ সময় পাইলট প্রথমে উড়োজাহাজটি চট্টগ্রাম শাহআমানত আন্তর্জাতিক বিমানবন্দরে জরুরি অবতরণের চেষ্টা করেন। পরে সিদ্ধান্ত পাল্টান এবং হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে জরুরি অবতরণের সিদ্ধান্ত নেন। সূত্র-ইত্তেফাক (শেষ পৃ.,ক.২), সমকাল (পৃ.১,ক.৩), জনকণ্ঠ (শেষ পৃ.,ক.৬), ডেইলি স্টার (শেষ পৃ.,ক.৪), ইন্ডিপেনডেন্ট (শেষ পৃ.,ক.৮)।

১০। রাঙ্গামাটি মেডিকেল কলেজের ক্লাসসহ একাডেমিক কার্যক্রম আনুষ্ঠানিকভাবে শুরু

প্রায় ৭৬ দিন পর গতকাল ২৮ মার্চ শনিবার থেকে রাঙ্গামাটি মেডিকেল কলেজের ক্লাসসহ একাডেমিক কার্যক্রম আনুষ্ঠানিক শুরু হয়েছে। রাঙ্গামাটি মেডিকেল কলেজের সংশ্লিষ্ট কর্তৃপক্ষ জানায়, শহরের রাঙ্গামাটি জেনারেল হাসপাতালে পাশের অস্থায়ী একটি বিল্ডিং-এ প্রথম ব্যাচের ২০১৩-১৪ সালের শিক্ষাবর্ষের এমবিবিএস কোর্সে ৫১ জন ভর্তি হয়েছে। গতকাল ২৮ মার্চ শনিবার কলেজের আনুষ্ঠানিক ক্লাসসহ একাডেমিক কার্যক্রম শুরু হয়। সূত্র-সংবাদ (শেষ পৃ., ক.৩)।

সম্পাদকীয়

ক. প্রথম আলো, সমকাল, যুগান্তর, ইনকিলাব, ভোরের কাগজ, ডেইলি স্টার, ইন্ডিপেনডেন্ট, নিউ এজ, ডেইলি সান, নিউ নেশন : নারায়ণগঞ্জের লাঙ্গলবন্দে পদদলিত হয়ে পুণ্যার্থীদের মৃত্যুর ঘটনায় গভীর সমবেদনা প্রকাশ করে ভবিষ্যতে এমন ঘটনার পুনরাবৃত্তি রোধে সার্বিক ব্যবস্থাপনা আরও উন্নত করার আহ্বান;

খ. ইত্তেফাক : বরিশালের গৌরনদীতে স্কুলের বাদ্যযন্ত্র ক্রয়ের জন্য নির্ধারিত চাঁদার টাকা না দেওয়ার অপরাধে ৪০ ছাত্রকে বেত্রাঘাত করার ঘটনায় অভিযুক্ত শিক্ষকের বিরুদ্ধে আইনি ব্যবস্থা গ্রহণের সুপারিশ;

গ. সংবাদ, প্রথম আলো, ডেইলি সান : সিটি কর্পোরেশন নির্বাচনে বিএনপির অংশ নেওয়ার সিদ্ধান্তের প্রেক্ষিতে সরকারকে নির্বাচনী পরিবেশ সুগম করার ব্যবস্থা গ্রহণের আহ্বান;

ঘ. জনকণ্ঠ : নিরাপদ পানির সঙ্কট দূর করতে কার্যকর ব্যবস্থা গ্রহণে সুপরিকল্পিত উদ্যোগ গ্রহণ জরুরি বলে অভিমত;

ঙ. যুগান্তর : জেএমবির জঙ্গি হুমকি মোকাবিলায় শুধু অভিযান নয়, সরকার ও সচেতন জনসাধারণকে রাজনৈতিক যুদ্ধও চালিয়ে যাওয়ার আহ্বান;

চ. ডেইলি স্টার : রাজধানীর ৯৮ গুলশান ও ডিসিসি মার্কেটের সংযোগস্থলে বিগত দুই মাস যাবৎ ভারী নির্মাণ সামগ্রী পড়ে থাকায় জনদুর্ভোগের চিত্র তুলে ধরে পথ চলাচলের রাস্তা ঝামেলা মুক্ত রাখার সুপারিশ;

ছ. ইন্ডিপেনডেন্ট : রাজধানীর বস্তিগুলোকে বিশেষ ব্যবস্থাপনার অধীনে আনার ওপর গুরুত্বারোপ;

জ. নিউজ টুডে : সিএনজি চালিত অটোরিকশায় সাধারণ জনগণের চলাচল ব্যয়বহুল হয়ে পড়ায় ডিএমপিকে এ ব্যাপারে যথোপযুক্ত ব্যবস্থা গ্রহণের আহ্বান;

ঝ. ফিনানসিয়াল এক্সপ্রেস : প্রবাসীদের প্রেরিত অর্থের সর্বোত্তম ব্যবহার নিশ্চিত করতে সরকারকে নানাবিধ বিনিয়োগ প্যাকেজের মাধ্যমে আয় বর্ধক ব্যবস্থা গ্রহণের সুপারিশ করে সম্পাদকীয় প্রকাশ করেছে।

উপ-সম্পাদকীয়

প্রথম আলো পত্রিকায় প্রকাশিত কলামে ঢাকা ও চট্টগ্রাম শহরের আসন্ন তিনটি সিটি কর্পোরেশন নির্বাচন শুধু সরকার, সরকারিদল, বিরোধী ২০-দলীয় জোটের জন্যই চ্যালেঞ্জ নয়, নির্বাচন কমিশনের জন্যও বড় চ্যালেঞ্জ বলে উল্লেখ করা হয়েছে।

নিবন্ধ ও ফিচার

ইত্তেফাক পত্রিকায় প্রকাশিত 'সিটি কর্পোরেশন নির্বাচন' শিরোনামের নিবন্ধে হাসনাত আবদুল হাই সরকার এবং নির্বাচন কমিশন একটি মডেল নির্বাচন উপহার দেওয়া নিশ্চিত করতে পারলে গণতন্ত্রের চর্চা অনেক দূর এগিয়ে যেতে পারবে বলে অভিমত প্রকাশ করেছেন।

#

ফারহানা/ফাহিমা/মরজিনা/বিপু/২০১৫/৯.০০ ঘণ্টা